**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**শের-ই-বাংলা নগর, ঢাকা।**

**প্রেস বিজ্ঞপ্তি**
**০৫ মে ২০১৫, মঙ্গলবার**

আজ মঙ্গলবার, ০৫ মে, ২০১৫ তারিখ বিকেল ৪:০০ টায় অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীন সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন কর্তৃক 'Nuton Jibon Livelihood Improvement Project'- শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংক-এর মধ্যে ২০০.০০ (দুইশত) মিলিয়ন মার্কিন ডলারের একটি ঋণচুক্তি শের-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের পক্ষে Ms. Christine E. Kimes, Acting Country Director, World Bank Dhaka Office ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। তাছাড়া, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এ, জেড, এম, সাখাওয়াত হোসেন এবং বিশ্বব্যাংকের Acting Country Director যথাক্রমে এসডিএফ এবং বিশ্বব্যাংকের পক্ষে প্রকল্প চুক্তি স্বাক্ষর করেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা এবং বিশ্বব্যাংকের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

স্থানীয় পর্যায়ের অবকাঠামো এবং মৌলিক সেবাসমূহে অভিগম্যতা (access to local infrastructure and basic services) উন্নয়নের লক্ষ্যে কমিউনিটি পরিচালিত (community-driven) ক্ষুদ্রাকার অবকাঠামো নির্মাণ এবং সামাজিক সহায়তা কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে একটি কার্যকর ও দক্ষ আর্থিক এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় Social Investment Program Project (SIPP) বাস্তবায়িত হয়। উক্ত প্রকল্পটি সরাসরি দারিদ্র বিমোচনে সহায়তা করায় বিশ্বব্যাংক ২য় পর্যায়ে Empowerment and Livelihood Imporvement "Nuton Jibon" Project শীর্ষক আরেকটি প্রকল্প বাস্তবায়ন করছে; যার মাধ্যমে জীবিকায়ন কর্মসূচির উন্নয়ন, গ্রামের হত-দরিদ্র জনগণের (বিশেষ করে যারা ব্যাংক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান বা সেবা প্রদানকরী প্রতিষ্ঠান থেকে কোন সহায়তা পায় না) জীবন-মান উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলার সক্ষমতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত প্রকল্প দু'টির ধারাবাহিক সাফল্যের প্রেক্ষাপটে গৃহীত কর্মসূচিগুলো অব্যাহত রাখা ও পুষ্টি কার্যক্রমসহ আরও কতিপয় কার্যক্রম অন্তর্ভুক্তি ও প্রকল্পের কমান্ড এরিয়া বিস্তৃত করার মাধ্যমে 'Nuton Jibon Livelihood Improvement Project' বাস্তবায়ন করা হবে।

প্রস্তাবিত প্রকল্পের মুখ্য প্রকল্প উন্নয়ন উদ্দেশ্য (Project Development Objective-PDO) হ'ল প্রকল্প এলাকার দরিদ্র ও অতি-দরিদ্র জনগোষ্ঠীর জীবন-মানের উন্নয়ন সাধন। প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রম নির্ধারণের ক্ষেত্রে পূর্ববর্তী SIPP-I ও SIPP-II-এর অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে পুষ্টি সহায়তা, প্রকল্প এলাকায় কার্যক্রম পরিচালনাকারী অন্যান্য সংস্থার সাথে সহযোগিতা বৃদ্ধি, বাজার-সংযোগ ও ব্যবসা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ, যুব-কর্মসংস্থান কার্যক্রম পরিবীক্ষণ, কমিউনিটি পরিকল্পনা প্রক্রিয়ায় জলবায়ু পরিবর্তনজনিত ইস্যু এবং প্রাকৃতিক বিপর্যয়জনিত ঝুঁকি অন্তর্ভুক্তকরণ, কৃষি-সংশ্লিষ্ট জ্ঞান বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ কর্মসূচি জোরদার ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হবে, যা দারিদ্র নিরসনে এসডিএফের প্রচেষ্টাকে আরও শক্তিশালী করবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত 'Poverty Maps' ব্যবহারের মাধ্যমে দেশের অতি দরিদ্র ২২ টি জেলা চিহ্নিত করা হয়েছে, যেখানে এ প্রকল্পের কার্যক্রম পরিচালিত হবে। প্রকল্পটির আওতায় প্রায় ৫০ লক্ষ দরিদ্র লোক উপকৃত হবে। প্রকল্পটি ৬ (ছয়) বছর মেয়াদে (১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত) বাস্তবায়িত হবে।

উপর্যুক্ত ঋণের Disbursed Amount-এর ওপর বিশ্বব্যাংককে বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে। এ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৮ (আটত্রিশ) বছরে পরিশোধ করতে হবে।

(ড. দেলোয়ার হোসেন)
সিনিয়র সহকারী প্রধান